

بِسْمِ الرَّحْمَنِ الرَّحِيمِ



Phone: (202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail: bdoot_pwash@yahoo.com
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C. 20008

Date : 15 August 2014

PRESS RELEASE

Bangladesh Embassy in Washington DC observes National Mourning Day

Bangladesh Embassy in Washington DC observed the National Mourning Day today (15 August 2014) marking the 39th death anniversary of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman with due solemnity.

The day began with the hoisting of the National Flag at half-mast on the Embassy premises and also at the Bangladesh House. On the occasion, a discussion session was organized at the Bangabandhu Auditorium of the Embassy. A large number of expatriate Bangladeshis, media representatives, and embassy officials attended the event. Professor Dr. A K Azad Chowdhury, Chairman, University Grants Commission who is in the USA on official visit also attended the event and spoke on the occasion. Messages of the Hon'ble President and Hon'ble Prime Minister were read out. A documentary film featuring the life and works of Bangabandhu Sheikh Mujibur Rahman was screened on the occasion.

The speakers highlighted on different aspects of Bangabandhu's leadership to earn the country's independence and place the country in a respectable position in the comity of the nation. Bangladesh Ambassador to the USA H.E. Mr. Mohammad Ziauddin in his speech paid a rich tribute to the memories of Bangabandhu and offered an account of the irreparable losses the country has suffered due to his sad demise at the very nascent stage of Bangladesh's journey as an independent country. He said that the brutal killing of the Father of the Nation was the greatest anticlimax in the history of Bangladesh. This was a part of the bigger conspiracy by the anti-liberation war forces to turn the tide of the nation's forward movement toward a democratic and secular country, he added. Hailing Prime Minister Sheikh Hasina for her courageous leadership over the last five years to advance democratic and secular norms and values in the country, he urged upon the expatriate Bangladeshis to join hands with the Government in its journey toward a happy and prosperous Bangladesh.

At the end of the discussion session, Doa Mahfil and special prayers were offered for the eternal peace of the departed souls of Bangabandhu Sheikh Mujibur Rahman and his family members.

بِسْمِ الرَّحْمَنِ الرَّحِيمِ



Phone: (202) 244-0183

Fax : (202) 244-2771/7830

E-mali: bdoot_pwash@yahoo.com

Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

3510 International Drive, NW
Washington, D.C. 20008

তারিখ ১৫ আগস্ট ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে জাতীয় শোক দিবস পালিত

যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাস আজ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৩৯ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করে।

দিবসটি উপলক্ষে দূতাবাস প্রাঙ্গন এবং বাংলাদেশ হাউজে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়। বাংলাদেশ দূতাবাসের বঙ্গবন্ধু অডিটোরিয়ামে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে স্থানীয় কমিউনিটির নেতৃস্থানীয় প্রতিনিধি, সাংবাদিক, পেশাজীবী এবং দূতাবাসের কর্মকর্তাসহ আরো অনেকে উপস্থিত ছিলেন। সভার শুরুতে এ উপলক্ষে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পাঠ করে শোনানো হয়। বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর নির্মিত একটি ঋমান্যচিত্রও অনুষ্ঠানে প্রদর্শন করা হয়। সরকারী কার্যোপলক্ষে বর্তমানে যুক্তরাষ্ট্রে সফররত বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর ড. এ কে আজাদ চৌধুরী অনুষ্ঠানে যোগ দেন এবং আলোচনায় অংশগ্রহণ করেন।

আলোচনা অনুষ্ঠানে বাংলাদেশ দূতাবাসের কর্মকর্তা ও প্রবাসী বাংলাদেশী বক্তারা জাতির জনকের বর্ণাঢ্য জীবন ও কর্মের উপর আলোকপাত করেন এবং বাংলাদেশের স্বাধীনতা অর্জনে তাঁর অনন্য অবদানের কথা কৃতজ্ঞচিত্তে স্মরণ করেন। যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব মোহাম্মদ জিয়াউদ্দিন তাঁর বক্তব্যে বঙ্গবন্ধুর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন এবং জাতির জনকের দুঃখজনক অকালপ্রয়াণে স্বাধীন বাংলাদেশের অগ্রযাত্রায় যে অপূরণীয় ক্ষতি হয়েছে তার বর্ণনা দেন। তিনি বলেন, জাতির পিতার নৃশংস হত্যাকাণ্ড বাঙালীর জীবনে সবচেয়ে বড় অ্যান্টিক্লাইমেক্স। এটি ছিল স্বাধীনতা বিরোধী অপশক্তির একটি বৃহত্তর চক্রান্তের অংশ যার মাধ্যমে তারা মহান মুক্তিযুদ্ধের আদর্শের গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ বাংলাদেশকে ধ্বংস করে দিতে চেয়েছিল। দেশে গণতান্ত্রিক নীতি ও মূল্যবোধ প্রতিষ্ঠায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিগত ৫ বছরের সাহসী নেতৃত্বের কথা উল্লেখ করে, রাষ্ট্রদূত জিয়াউদ্দিন প্রবাসী বাংলাদেশীদেরকে সুখী ও সমৃদ্ধিশালী বাংলাদেশ গড়ে তোলার এ কর্মযজ্ঞে সর্বোত্তমভাবে সহায়তা করার আহ্বান জানান।

আলোচনা সভা শেষে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সদস্যসহ যঁারা ১৫ ই আগস্ট শাহাদাৎ বরণ করেছেন তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত ও বাংলাদেশের অব্যাহত শান্তি ও সমৃদ্ধি কামনা করে মোনাজাত ও প্রার্থনা করা হয় ।

Embassy of Bangladesh, Washington DC 20008, Phone: 202-244-3838, Fax: 202-244-2771/7830, e-mail : bdoot_pwash@yahoo.com







